

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

أَلْفَصْلُ الثَّنْفُ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَالِ)

আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ سَمِعَ
بِالدَّجَالِ فَلِينًا مِنْهُ فَوَاللَّهِ إِنَّ الرَّجُلَ لَيَأْتِيهِ وَهُوَ يَحْسِبُ أَنَّهُ مُؤْمِنٌ فَيَتَّبِعُهُ مِمَّا يَبْعَثُ بِهِ
مِنَ الشُّبُهَاتِ» رَوَاهُ أَبُو دَاوُدَ

اسناده صحيح ، رواه ابوداؤد (4319) -

(صحيح)

বাংলা

৫৪৮৮-[২৫] ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে ব্যক্তি দাজ্জালের আগমনের সংবাদ শুনে, সে যেন তার নিকট থেকে দূরে সরে থাকে। আল্লাহর শপথ! কোন ব্যক্তি নিজেকে মুমিন ধারণা করে তার কাছে যাবে, কিন্তু তার তেলেসমাতি কর্মকাণ্ডের ধোঁকায় পড়ে সে তার অনুকরণ করে ফেলবে। (আবু দাউদ)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪৩১৯, সহীহুল জামি ১১২৪৭, মুসনাদে আহমাদ ১৯৮৮৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৪৯৫৪, আল মুসতাদরাক লিল হাকিম ৮৬১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ سَمِعَ بِالدَّجَالِ فَلِينًا مِنْهُ) যে দাজ্জালের আত্মপ্রকাশের কথা শুনে, সে যেন তার থেকে দূরে থাকে

এবং তার থেকে দূরে থাকাই সৌভাগ্যবান হবে। কেননা সে তার অলৌকিক কর্মকাণ্ডের জন্য বিশ্বাস করে তার অনুসরণ করে ফেলতে পারে, যা তাকে কাফির বানিয়ে দিবে। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বুদ ৭ম খণ্ড, হা, ৪৩১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85466>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন